# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৬২২৮

পর্ব-৩০: মান-মর্যাদা (كتاب المناقب)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ - সমষ্টিগতভাবে মর্যাদা ও বৈশিষ্ট্য

الفصل الاول (بَاب جَامع المناقب)

---

আরবী

وَعَنْ جَابِرٍ قَالَ: كُنَّا يَوْمَ الْحُدَيْبِيَةِ أَلْفًا وَأَرْبَعمِائَةٍ. قَالَ لَنَا النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «أَنْتُم الْيَوْمَ خَيْرُ أَهْلِ الأَرْضِ» . مُتَّفق عَلَيْهِ

متفق عليه ، رواه البخارى (4154) و مسلم (71 / 1856)، (4811) ـ
(مُتَّفَقٌ عَلَيْهِ)

বাংলা

৬২২৮-[৩৩] জাবির (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, হুদায়বিয়ার ঘটনার সময় আমরা চৌদ্দশত মুসলিম উপস্থিত ছিলাম। তখন নবী (সা.) আমাদেরকে লক্ষ্য করে বললেন, আজ জমিনবাসীর মধ্যে তোমরাই শ্রেষ্ঠ। (বুখারী ও মুসলিম)

ফুটনোট

সহীহ: বুখারী ৪১৫৪, মুসলিম ৭১-(১৮৫৬), শুআবূল ঈমান ১২০০, মুসনাদে আহমাদ ১৪৩৫২, মা'রিফাতুস্ সুনান ওয়াল আসার লিল বায়হাকী ৩৩৫২, মুসান্নাফ ইবনু আবী শায়বাহ ৩০৪৯৭, মুসনাদে ‘আদ ইবনু হুমায়দ ১১০৪, মুসনাদুল হুমায়দী ১২২৫, মুসনাদুশ শাফিঈ ১০৫৭, আস্ সুনানুল কুবরা লিন্ নাসায়ী ১১৫০৭, হিলইয়াতুল আওলিয়া ৪/২৯২।

ব্যাখ্যা

ব্যাখ্যা: উক্ত হাদীসকে কেন্দ্র করে কিছু ‘আলিমগণ বলে থাকেন, তাদের মধ্যে মর্যাদার ক্ষেত্রে স্তর রয়েছে। যেমন- সাহাবীদের মধ্যে সবচেয়ে শ্রেষ্ঠ হলেন চার খলীফাহ্। তারপর বাকী আশারায়ে মুবাশশারাহগণ। তারপর উহুদে

অংশগ্রহণকারী সাহাবীগণ। তারপর হুদায়বিয়াতে গাছের নিচে বায়'আত গ্রহণকারী সাহাবীগণ। (মিরক্বাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=86204

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন